

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম
www.sesip.gov.bd



স্মারক নং- মাউশি/সেসিপ/২-২৬০/প্রকিউরমেন্ট প্ল্যান/২০১৬/ ৩৮৬০

তারিখ: ০৯.০৫.২০১৯ খ্রি.

পরিপত্র

বিষয় : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-এর অধীন আঞ্চলিক কার্যালয়সমূহে ই-টেন্ডারিং ব্যবস্থা প্রবর্তন।


মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন ০৯(নয়)টি আঞ্চলিক কার্যালয়ে ই-টেন্ডারিং ব্যবস্থা প্রবর্তন এবং পর্যায়ক্রমে সকল ক্রয়কার্য ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। জাতীয় ই-জিপি পোর্টালের নিরাপদ ডায়ালগ ব্যবহারের মাধ্যমে বর্ণিত দপ্তরসমূহে ই-টেন্ডারিং কার্যক্রম সম্পন্ন করার জন্য নিম্নোক্ত কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদান করা হলো:

বিষয়	কর্মকর্তার পদবী	দায়িত্বাবলি
ক্রয়কারী সংস্থার প্রধান বা HOPE (Head of Procuring Entity)	মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর	(১) বার্ষিক ক্রয় পরিকল্পনার অনুমোদন প্রদান; (২) DOFP অনুযায়ী ই-ক্রয়চুক্তি অনুমোদন এবং প্রযোজ্য ক্ষেত্রে Minister User এর নিকট প্রেরণ; (৩) যেসব ক্ষেত্রে Minister অথবা CCGP চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ সেসব ক্ষেত্রে ই-দরপত্র মূল্যায়ন কমিটির সভাপতির দায়িত্ব পালন; (৪) অন্যত্র বদলি হলে অফিসিয়াল পাসওয়ার্ড পদায়নকৃত কর্মকর্তার নিকট হস্তান্তর।
PE User	পরিচালক আঞ্চলিক কার্যালয় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল)	(১) অনুমোদন প্রক্রিয়ায় ফাইল উঠা-নামার জন্য নিয়মানুযায়ী workflow তৈরি করা; (২) সংস্থা প্রধান বা HOPE অথবা HOPE কর্তৃক নির্ধারিত অথরাইজড অফিসার এর নিকট থেকে বার্ষিক ই-ক্রয় চুক্তি অনুমোদন; (৩) DOFP অনুযায়ী নিজে অনুমোদনকারী কর্তৃপক্ষ হলে ই-ক্রয় চুক্তি অনুমোদন; (৪) নোটিফিকেশন অফ এওয়ার্ড জারি; (৫) চুক্তি সাই এবং চুক্তি ব্যবস্থাপনা;
অথরাইজড ইউজার	উপপরিচালক (কলেজ)/সহকারী পরিচালক (কলেজ) আঞ্চলিক কার্যালয় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল)	(১) বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন, প্রক্রিয়াকরণ ও অনুমোদন গ্রহণ, প্রকাশ এবং প্রয়োজনে সংশোধন; (২) অফিসিয়াল এসটিমেট তৈরি; (৩) সংশ্লিষ্ট e-STD বাছাই এবং তা ব্যবহার করে টেন্ডার ডকুমেন্ট প্রণয়ন; (৪) ওয়ার্ক-ফ্লো প্রণয়নে পিই ইউজার-কে সহায়তা করা এবং সৃষ্ট ওয়ার্ক-ফ্লো'র মাধ্যমে টেন্ডার প্রক্রিয়াকরণ ও অনুমোদন গ্রহণ এবং প্রকাশ; (৫) ওয়ার্কফ্লো'র মাধ্যমে সকল ফাইল প্রক্রিয়াকরণ; (৬) অন্যত্র বদলি হলে অফিসিয়াল পাসওয়ার্ড তাঁর স্থলে পদায়নকৃত কর্মকর্তার নিকট হস্তান্তর;
PE Admin	সহকারী প্রোগ্রামার/সহকারী পরিদর্শক/গবেষণা কর্মকর্তা* আঞ্চলিক কার্যালয় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল)	(১) পিই ইউজার এবং অথরাইজড ইউজার সৃষ্টি করা; (২) ই-দরপত্র উন্মুক্তকরণ কমিটি এবং ই-দরপত্র মূল্যায়ন কমিটির সদস্যদের অফিস সৃষ্টি এবং তাদের অ্যাক্সেস প্রদান নিশ্চিত করা; (৩) পিই'র অধীন কোন ইউজার বা ই-জিপি পোর্টালে অ্যাক্সেস প্রদানকৃত কোন কর্মকর্তা বদলি হলে তদস্থলে পদায়নকৃত কর্মকর্তাকে ইউজার হিসেবে অ্যাক্সেস প্রদান; (৪) কোন কর্মকর্তা বদলি হলে তিনি যেন তার অফিসিয়াল পাসওয়ার্ড পদায়নকৃত কর্মকর্তার নিকট হস্তান্তর করেন তা নিশ্চিত করা;

* কোন দপ্তরে সহকারী প্রোগ্রামার কর্মরত না থাকলে তার স্থলে তথ্যপ্রযুক্তিতে দক্ষ একজন সহকারী পরিদর্শক/গবেষণা কর্মকর্তা PE Admin-এর দায়িত্ব পালন করবেন।

৯.

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত বহাল থাকবে।


(প্রফেসর ড. সৈয়দ মোঃ গোলাম ফারুক)

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

বাংলাদেশ, ঢাকা।

পরিচালক


আঞ্চলিক কার্যালয় (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা।

স্মারক নং- মাউশি/সেসিপ/২-২৬০/প্রকিউরমেন্ট প্ল্যান/২০১৬/৩৮৬০

তারিখ: ০২.০৫.২০১৯ খ্রি.

সদয় অবগতির জন্য বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- (১) সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ.আ.অতিরিক্ত সচিব (উন্নয়ন)]।
- (২) যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেসিপ, শিক্ষা ভবন, ঢাকা।
- (৩) পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/ফাইন্যান্স এন্ড প্রকিউরমেন্ট/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/মনিটরিং অ্যান্ড ইভালুয়েশান), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- (৪) প্রকল্প পরিচালক(সকল)।
- (৫) প্রধান হিসাসরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- (৬) জনাব.....।
- (৭) সংরক্ষণ নথি।


০২.০৫.১৯

(মোহাম্মদ মামুন মিয়া)

সহকারী পরিচালক (প্রোগ্রাম-৩)

এসপিএসইউ, সেসিপ

ফোন: ৯৫৭৪৩১১